


# প্রধান উপদেষ্টার পতন চেয়ে পোস্ট শেয়ার করলেন হাবিপ্রবি উপাচার্য

হাবিপ্রবি প্রতিনিধি:

প্রকাশিত: ১৬:১৬, ৫ জুলাই ২০২৫



X

প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনুসের পতন চেয়ে এক ব্যক্তির করা ফেসবুক পোস্ট নিজ টাইমলাইনে শেয়ার করেছেন হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. এনামউল্লাহ। তবে সমালোচনার মুখে তার এই ফেসবুক পোস্ট পরবর্তীতে সরিয়ে ফেলেন তিনি।

গত ১ জুলাই 'বৈরাচার পতনে ঘাতে ১৬ বছর অপেক্ষা করতে না হয় সেই কাজ করছিঃ প্রধান উপদেষ্টা' শিরোনামে কালের কঠ অনলাইনে একটি সংবাদ প্রকাশিত হয়। সেই সংবাদের শিরোনামের স্ক্রিনশট নিয়ে জাকির হোসেন নামের এক ব্যক্তি তা শেয়ার করেন নিজ ফেসবুক অ্যাকাউন্টে এবং ক্যাপশন লিখেন 'আগামী ফেব্রুয়ারি ২০২৬ এর মধ্যে কি পতন হবে?'। এই ক্যাপশনসহ ওই পোস্টটি নিজের ফেসবুক অ্যাকাউন্টে শেয়ার করেন হাবিপ্রবি উপাচার্য। শেয়ারের পরপরই তা ভাইরাল হয়ে যায়। শিক্ষার্থীসহ বিশ্ববিদ্যালয় সংশ্লিষ্ট বিভিন্ন ফেসবুক পেইজ তা শেয়ার করেন। এতে উপাচার্য প্রধান উপদেষ্টার পদত্যাগ চান কিনা এ নিয়ে আলোচনা-সমালোচনা শুরু হয়। সমালোচনার মুখে পরে উপাচার্য তাঁর নিজ ফেসবুক আইডি থেকে পোস্টটি সরিয়ে ফেলেন।

এ পোস্ট শেয়ারের বিষয়ে জানতে চেয়ে উপাচার্যের হোয়াটসঅ্যাপ অ্যাকাউন্টে কয়েকবার মেসেজ পাঠালে তিনি কোনো উত্তর দেননি এবং মেসেজ সিন করে রেখে দেন। পরবর্তীতে তার সাথে মোবাইল ফোনে এবং হোয়াটসঅ্যাপে কল করে ঘোগাঘোগের চেষ্টা করা হলে তিনি ফোন রিসিভ করেননি।